



ULAB

UNIVERSITY OF LIBERAL ARTS
BANGLADESH

মে ১২, ২০১২

জনাব,

১। আপনার ব্লগে প্রচারিত ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ (ইউল্যাব) এর শিক্ষার্থীদের জড়িয়ে একটি বক্তব্য ইউল্যাব কর্তৃপক্ষের দৃষ্টি গোচর হয়েছে। এ ধরনের একটি ঘটনা যা ইউল্যাব ক্যাম্পাস এর অদূরে ঘটেছে তা অনাকাঙ্ক্ষিত ও অত্যন্ত নিন্দনীয়। আমরা এই ঘটনার শিকার সকলের প্রতি গভীর সহমর্মিতা ও সমবেদনা প্রকাশ করছি। এটা অত্যন্ত দুঃখজনক যে, আজকের সমাজে জনারণ্যে আমাদের মা বোনেরা নিরাপদ নয়। এই ধরনের একটি বিষয়ের বিরুদ্ধে উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে ইউল্যাব সবসময় বিপক্ষে দৃঢ় অবস্থান গ্রহন করে।

২। ইউল্যাব শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য CODE OF CONDUCT অনুযায়ী এ ধরনের কোন প্রকার ইভটিজিং কিংবা শারীরিক হেনস্কার ক্ষেত্রে ইউল্যাব ZERO TOLERANCE নীতি কঠোরভাবে অনুসরণ করে। এতদ বিষয়ে ইউল্যাব বেশ কিছু সচেতনতা মূলক কর্মসূচিও পালন করেছে। যারা এধরনের সামাজিক অবক্ষয়ের বিরুদ্ধে সোচ্চার, তাদের প্রতিও আমাদের সমর্থন অব্যাহত আছে ও থাকবে।

৩। বিষয়টি নিয়ে ইতিমধ্যে ইউল্যাব তার নিজস্ব পদ্ধতিতে তদন্ত শুরু করেছে। আমরা ইতিমধ্যে SOMEWHEREINBLOG এর কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট ব্লগার এর সাথে যোগাযোগ এর চেষ্টা করেছি। তদন্ত প্রক্রিয়াটি দ্রুত ও সঠিক করার লক্ষে আমরা পুনরায় তাকে আমাদের সঙ্গে সরাসরি যোগাযোগের জন্য আহ্বান জানাচ্ছি। এ ক্ষেত্রে ব্লগার ও ভিকটিম কে আমরা পূর্ণ সহযোগিতার আশ্বাস দিচ্ছি।

৪। এটি অত্যন্ত দুঃখজনক যে, বেশ কিছু সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারকারী প্রকৃত ঘটনা নিশ্চিত না হয়ে এবং তদন্তের সুযোগ না দিয়ে শুধুমাত্র ইউল্যাব কে একটি প্রতিষ্ঠান হিসেবে দায়ী করে তাদের ক্ষোভ প্রকাশ করে যাচ্ছে। ৫। এটা নিশ্চিত যে, উক্ত ঘটনায় ইউল্যাব এর কোন শিক্ষার্থীর সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া গেলে ইউল্যাব তাদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করবে।

৬। ইউল্যাবের শিক্ষার্থীসহ ঘটনা সংশ্লিষ্ট কারো নিকট কোন প্রকার তথ্য ও প্রমানাদি থাকলে তা আমাদের সরবরাহ করার আহ্বান জানাচ্ছি। আমরা আশা করছি যে সমাজের প্রতিটি সচেতন ব্যক্তি ইভটিজিং সহ সকল সামাজিক অনাচারের বিরুদ্ধে সোচ্চার হবে এবং যত দ্রুত সম্ভব বিষয়টি সমাধানে ইউল্যাব এর প্রতি সহযোগিতার হাত বাড়াবে।

মোঃ ফয়জুল ইসলাম
রেজিস্ট্রার